# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ৩য় সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩ ফাল্গুন ১৪২৪, ১৫ ফেব্রুয়ারি ২০১৮

## 'বঙ্গবন্ধুর বাংলা ভাষা ও সংস্কৃতি-ভাবনা' শীর্ষক দেব স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের উদ্যোগে 'দেব স্মারক বক্তৃতা-২০১৭' গত ৩১ জানুয়ারী ২০১৮ বিশ্ববিদ্যালয় রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। 'বঙ্গবন্ধুর বাংলাভাষা ও সংস্কৃতি-ভাবনা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন কলা অনুষদের ডিন ও ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। দর্শন বিভাগের অনারারি অধ্যাপক ড. আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত বক্তৃতানুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সাজাহান মিয়া ও গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়। অনুষ্ঠানে বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও দর্শন বিভাগের অ্যালামনাই এ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আন্দোলন সংগ্রামের বিভিন্ন স্তরে জাতির পিতার ভাষা-চিন্তা ও সংস্কৃতি ভাবনা স্মারক বক্তৃতায় অত্যন্ত তথ্যবহুল ও বস্তুনিষ্ঠভাবে উঠে এসেছে, আশাকরি এতে গবেষক ও শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবেন। অসাম্প্রদায়িক চেতনা বিকাশের ভাবনা বঙ্গবন্ধুর কিশোর বয়সে পারিবারিক প্রেক্ষাপট থেকেই তৈরি হয়েছিল, যা পরবর্তিতে রাজনৈতিক জীবনে তিনি কাজে লাগিয়েছেন। বাঙালির অসাম্প্রদায়িক চেতনা বিকাশে বাংলাভাষা অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উপাচার্য আরও বলেন, বঙ্গবন্ধুর সমকালীন চিন্তা-চেতনা ও সাংস্কৃতিক ভাবনা উদার নৈতিক ও মানবতাবাদী, যা ১৯৭১ এ সবাইকে একত্রিত করে সামষ্ঠিক শক্তির মাধ্যমে একটি জাতিরাষ্ট্রের সৃষ্টি করেছে।

উল্লেখ্য, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন দার্শনিক ও ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে জগন্নাথ হলের প্রভোস্ট বাংলোয় পাক-হানাদার বাহিনীর গুলিতে নিহত হন ।




ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদ্‌যাপনের কর্মসূচী উদ্বোধন উপলক্ষে গত ১ ফেব্রুয়ারি ২০১৮ অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক ভাষা পদযাত্রা বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে পদযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

### আন্তর্জাতিক নূরসী সম্মেলন

## ইসলামের শান্তি ও সংহতির দর্শন প্রাত্যহিক জীবনে প্রয়োগ করতে হবে–উপাচার্য




ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগ ও 'দি ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স এন্ড কালচার, তুর্কি'র যৌথ উদ্যোগে ১ম আন্তর্জাতিক নূরসী সম্মেলন গত ৫ ফেব্রুয়ারী ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দু'দিনব্যাপী এই সম্মেলন উদ্বোধন করেন। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'লিভিং ইন পিচ এন্ড হারমনি : দি রিসালা-ই নূর পারসপেক্টিভ'।

আরবী বিভাগের চেয়ারম্যান ও সম্মেলনের আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ ইউছুফ-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। মূল বক্তব্য উপস্থাপন করেন তুরস্ক বিজ্ঞান একাডেমির সদস্য এবং তুরস্কের উসকুদার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আলপার্সলান একচিগেন্স। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভারতের আলিয়াহ্ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ মশিউর রহমান, আন্তর্জাতিক ইসলামিক ইউনিভার্সিটি মালয়েশিয়া'র ড. এলমাইরা আখমেতোভা, সিংগাপুর ন্যাশনাল ইউনিভার্সিটি'র প্রফেসর ড. সাঈদ ফরিদ আলআতাস এবং তুর্কির প্রফেসর ড. ইসহাক অজগেল। (৩য় পৃষ্ঠায় দেখুন)

## দশম এএফওবি আঞ্চলিক সিম্পোজিয়াম

ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগ এবং এশিয়ান ফেডারেশন অব বায়োটেকনোলজি (এএফওবি)-এর যৌথ উদ্যোগে ৩-দিনব্যাপী 'দশম এএফওবি রিজিওনাল সিম্পোজিয়াম'-এর সমাপনী অনুষ্ঠান গত ২৯ জানুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। সিম্পোজিয়ামের প্রতিপাদ্য ছিল "Innovations in Biotechnology for Economic Development". সম্মেলন আয়োজক কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

সিম্পোজিয়ামে বক্তারা মানব কল্যাণের লক্ষ্যে বায়োটেকনোলজি বিষয়ক অত্যাধুনিক গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন।

বক্তারা এ সংক্রান্ত যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের জন্য এশিয় অঞ্চলের শিক্ষাবিদ ও গবেষকদের প্রতি আহ্বান জানান। গবেষকদের গুণগত মান উন্নয়নের ক্ষেত্রে এই সিম্পোজিয়াম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তারা আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগ এবং এশিয়ান ফেডারেশন অব বায়োটেকনোলজি (এএফওবি)-এর যৌথ উদ্যোগে 'দশম এএফওবি রিজিওনাল সিম্পোজিয়াম'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২৮ জানুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলন আয়োজক কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে এএফওবি-এর মহাসচিব অধ্যাপক ড. ইয়ন-মু-কু এবং ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বক্তব্য রাখেন। সম্মেলন আয়োজক কমিটির সম্পাদক অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আহ্সান ধন্যবাদ জ্ঞাপন করেন।

বাংলাদেশ, ভারত, চীন, দক্ষিণ কোরিয়া, জাপান, মালয়েশিয়া, ফিলিপাইনসহ এশিয়ার জীবপ্রযুক্তিবিদ, গবেষক ও বিজ্ঞানীরা সিম্পোজিয়ামে অংশগ্রহণ করেন। এই সিম্পোজিয়ামে দুই শতাধিক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।




বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি আয়োজিত ২দিনব্যাপী '৭ম আন্তর্জাতিক বোটানিক্যাল কনফারেন্স-২০১৭' গত ৩ ফেব্রুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর মহাপরিচালক স্বপন কুমার রায়। এছাড়া আরও উপস্থিত ছিলেন আয়োজক কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. সাঈদ হাদীউজ্জামান এবং সম্পাদক অধ্যাপক আশফাক আহমেদ।

## 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন

প্রথমবারের মতো 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে গত ৫ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রার উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, তরুণ প্রজন্মের পাঠাভ্যাস বৃদ্ধির মাধ্যমে জ্ঞানের আলোয় আলোকিত স্বদেশ গড়ার লক্ষ্যে জাতীয় গ্রন্থাগার দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি সর্বস্তরের জনগণের মধ্যে বই পড়ার আগ্রহ জাগিয়ে তোলার আহ্বান জানান।

শোভাযাত্রায় বিভাগের শিক্ষক এবং বর্তমান ও সাবেক শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউট ও হলের গ্রন্থাগার কর্মী ও সাধারণ শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে গণগ্রন্থাগার অধিদফতর চত্বরে জাতীয় পর্যায়ের শোভাযাত্রায় যোগ দেয়। সম্মিলিত শোভাযাত্রাটি কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।




## ষষ্ঠ এশিয়ান সিবিটি সম্মেলন




ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের উদ্যোগে "6th Asian Cognitive Behavior Therapy (CBT)" সম্মেলন গত ১০ ফেব্রুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি, নাসিরুল্লাহ সাইকোথেরাপি ইউনিট এবং এশিয়ান কগনেটিভ বিহেভিয়ার থেরাপি এসোসিয়েশনের সহযোগিতায় এই সম্মেলন আয়োজন করা হয়। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'মেন্টাল হেলথ গ্যাপ ইন এশিয়ান কান্ট্রিজ: স্কোপ অব সিবিটি"।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এমপি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, এশিয়ান সিবিটি এসোসিয়েশনের প্রেসিডেন্ট অধ্যাপক জাং হাই কুন, সম্মেলন আয়োজক কমিটির চেয়ারম্যান ড. মোহাম্মদ মাহমুদুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার, নাসিরুল্লাহ সাইকোথেরাপি ইউনিট-এর পরিচালক কামাল ইউ এ চৌধুরী এবং কয়েকজন বিদেশী প্রতিনিধি অনুষ্ঠানে বক্তৃতা করেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এমপি মানসিক স্বাস্থ্য সমস্যা নিরসনে দেশে ক্লিনিক্যাল সাইকোলজি শিক্ষা আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, মানসিক স্বাস্থ্য খাতের উন্নয়নে সরকার শিগগিরই নতুন নীতিমালা প্রণয়ন করবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, সাধারণ মানুষের মানসিক স্বাস্থ্য সেবার উন্নয়নে শিক্ষক, গবেষক ও পেশাজীবীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

উল্লেখ্য, দেশ-বিদেশের শিক্ষাবিদ, গবেষক, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট ও পেশাজীবীরা এই সম্মেলনে অংশগ্রহণ করেন।



শামসুন নাহার হলের ৪৪তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৩০ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৪ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



কবি জসীম উদদীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৯ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৫ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।



শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৮ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

# বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-২০১৮

## বঙ্গবন্ধু হল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৫ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় অর্থনীতি বিভাগের ৩য় বর্ষের ছাত্র সামসুল আলম চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, মো. হামিদুর রহমান মানিক রানার আপ হয়।

## ফজলুল হক হল

ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৮ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের মাস্টার্সের ছাত্র আরাফাত হোসাইন এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩য় বর্ষের ছাত্র ফয়সাল আহমেদ যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র ওমর ফারুক রানার আপ হয়েছেন।

## মৈত্রী হল

বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুবিনা খোন্দকার। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

## শহীদুল্লাহ হল

ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের মাস্টার্সের ছাত্র সাকিলুর রহমান এবং একই বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. ইসতিয়াক উদ্দিন যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ভূতত্ত্ব বিভাগের মাস্টার্সের ছাত্র মেহেদী আহম্মেদ রানার আপ হয়েছেন।

## জহুরুল হক হল

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৮ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের ৩য় বর্ষের ছাত্র মো. আলমগীর হোসেন চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, উর্দু বিভাগের ছাত্র মো. সাইফুল ইসলাম রানার আপ হন।

## জসীম উদ্‌দীন হল

কবি জসীম উদ্‌দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৯ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কবি জসীম উদ্‌দীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় মার্কেটিং বিভাগের ৩য় বর্ষের ছাত্র শফিউল আলম চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের ছাত্র আল-আমিন, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ছাত্র কে এম শাহরিয়ার ফেরদৌস এবং ফিন্যান্স ৩য় বর্ষের ছাত্র শেখ মারুফ হাসান যৌথভাবে রানার আপ হয়েছেন।

## শামসুন নাহার হল

শামসুন নাহার হলের ৪৪তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৩০ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শামসুন নাহার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় দর্শন বিভাগের ৩য় বর্ষের ছাত্রী সাদিয়া ইসলাম মুনা চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, মার্কেটিং বিভাগের ৩য় বর্ষের ছাত্রী ইফরাত এবং দর্শন বিভাগের ৪র্থ বর্ষের ছাত্রী ইয়াছমীন সুলতানা যুগ্ম রানার আপ হয়েছেন।

## এ এফ রহমান হল

স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৩১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্যার এ এফ রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আফতাব উদ্দিন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র ইকরামুল আলম আসিফ চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. ওবাইদুল মিয়া রানার আপ হয়েছেন।

## সূর্যসেন হল

সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সূর্যসেন হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মাস্টার্সের ছাত্র মো. আল আমীন চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ইতিহাস বিভাগের ২য় বর্ষের ছাত্র সাব্বির আহম্মেদ রানার আপ হয়েছেন।

## জগন্নাথ হল

জগন্নাথ হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। হল প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিভিন্ন হলের প্রভোস্ট, হাউজ টিউটর এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ব্যক্তিগত চ্যাম্পিয়ন হয়েছে বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী সাইমন রিছিল এবং রানার আপ হয়েছে একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী জীবন ত্রিপুরা।

## বিজয় একাত্তর হল

বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৪ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিজয় একাত্তর হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় জামিনুল চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, বকুল ইসলাম, নুরুল ইসলাম ও জুবায়ের রানার আপ হয়েছেন।



সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



জগন্নাথ হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। হল প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।



স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৩১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## এডিবি প্রতিনিধিদল

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) প্রিন্সিপ্যাল পাবলিক ম্যানেজমেন্ট স্পেশালিস্ট সিউক ইয়ং উন-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩১ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন এডিবি'র সোস্যাল সেক্টর স্পেশালিস্ট রিওতারু হায়াশি এবং দক্ষিণ কোরিয়ার সাংমিয়াং ইউনিভার্সিটির অধ্যাপক ড. কিয়ং ওয়াই বেই।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. কাজী মুহাইমিন-আস-সাকিব, আইসিটি সেলের পরিচালক ড. মো. আসিফ হোসেন খান সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা কোইকার কারিগরি সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এডিবি প্রতিনিধিরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নে আর্থিক সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে আর্থিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেওয়ায় উপাচার্য প্রতিনিধি দলের সদস্যদের ধন্যবাদ জানান।

## চীনা অধ্যাপক

চীনের বেইজিং ফরেন স্টাডিজ ইউনিভার্সিটির এশিয়া-আফ্রিকা ইনস্টিটিউটের অধ্যাপক দং ইউ ছেন গত ৩১ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় তাঁর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে বাংলা ভাষা ও সাহিত্যের বিদেশী অনুবাদ বিষয়ে মতবিনিময় করেন। অধ্যাপক দং ইউ ছেন জানান, ইতোমধ্যেই তিনি রবীন্দ্র রচনাবলীর ২৪ খণ্ড চীনা ভাষায় অনুবাদ করেছেন। তিনি নজরুল রচনাবলী অনুবাদের ইচ্ছা পোষণ করেন। উপাচার্য তাকে এ ব্যাপারে উৎসাহিত করেন এবং বাংলা সাহিত্য ও ভাষা বিষয়ে কাজ করার জন্য অভিনন্দন জানান।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানান।

## ভারতীয় প্রতিনিধিদল

ভারতের ব্যাঙ্গালোরে অবস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এর গণিত বিভাগের অধ্যাপক তীর্থঙ্কর ভট্টাচার্য এবং একই ইনস্টিটিউটের চীফ রিসার্চ সায়েন্টিস্ট ড. এম আর ভাট গত ২ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। ভারতীয় প্রতিনিধিদল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স-এ উচ্চশিক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বৃত্তি প্রদানে আগ্রহ প্রকাশ করেন। এ বিষয়ে উভয় শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্যে পৌঁছেন।

## বেডফোর্ডশায়ার ইউনিভার্সিটির ডেপুটি উপাচার্য

যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার-এর ডেপুটি ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আশরাফ জাওয়াদ গত ৪ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় একই বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল মার্কেটিং শাখার প্রধান নাসির মাহমুদ আহমেদ তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। সাধারণ শিক্ষার্থীদের কল্যাণের লক্ষ্যে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য বিষয়ে বিশেষ বক্তৃতা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালা আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার-এর যৌথ উদ্যোগে দ্বৈত ডিগ্রি প্রোগ্রাম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

## জাপানের শিল্পপতি

জাপানের সফটওয়্যার কোম্পানি টয়ো সিস্টেম বিডি লিমিটেড-এর চেয়ারম্যান টেটসুরো ইদা গত ৭ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, মার্কেন্টাইল ব্যাংক লিমিটেডের ভাইস-চেয়ারম্যান অধ্যাপক ফিরোজ আলম এবং ছাত্রলীগের সাবেক সভাপতি বাহাদুর বেপারী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন নিয়ে মত বিনিময় করেন। জাপানী শিল্পপতি তার কোম্পানিতে ঢাকা বিশ্ববিদ্যালয় আইআইটি স্নাতকদের কর্মসংস্থানের সুযোগ প্রদানে আগ্রহ প্রকাশ করেন। এই আগ্রহের জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ জানান।

## যুক্তরাষ্ট্রের অধ্যাপক

যুক্তরাষ্ট্রের ক্লেমসন ইউনিভার্সিটির অধ্যাপক ড. তৌফিকুর খান গত ৭ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আতিকুর রহমান আহাদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ক্লেমসন ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন।

## চীনা প্রতিনিধিদল

চীনের ইউনান প্রদেশের শিক্ষা তত্ত্বাবধান গ্রুপের সাধারণ সুপারভাইজার চেন শিবু-এর নেতৃত্বে ২৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৯ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের কয়েকজন সদস্য হলেন- ইউনান প্রদেশের ইন্টারন্যাশনাল এক্সেঞ্জ এন্ড কো-অপারেশন ডিভিশনের উপদেষ্টা পরিচালক ওয়াং ইয়্যান, ইউনান ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট জ্যাং লি, কুনমিং ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট ইয়াং বিন, কুনমিং মেডিকেল ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট লি ইয়ান, ইউনান ইউনিভার্সিটি অব ট্রেডিশনাল চাইনিজ মেডিসিন-এর ভাইস-প্রেসিডেন্ট কি ইয়ান হং এবং সাউথ ওয়েস্ট ফরেস্ট্রি ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট জু হুই।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, আর্থ এন্ড ইনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য প্রমুখ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় ও চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক কর্মসূচী আরও জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। এসব বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে উভয় পক্ষই আগ্রহ প্রকাশ করে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের আধুনিকায়নে তিনি চীনা প্রতিনিধিদলের সহযোগিতা চান।



চীনের ইউনান প্রদেশের শিক্ষা তত্ত্বাবধান গ্রুপের সাধারণ সুপারভাইজার চেন শিবু-এর নেতৃত্বে ২৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৯ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার-এর ডেপুটি ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আশরাফ জাওয়াদ গত ৪ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



চীনের বেইজিং ফরেন স্টাডিজ ইউনিভার্সিটির এশিয়া-আফ্রিকা ইনস্টিটিউটের অধ্যাপক দং ইউ ছেন গত ৩১ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



ভারতের ব্যাঙ্গালোরে অবস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এর গণিত বিভাগের অধ্যাপক তীর্থঙ্কর ভট্টাচার্য্য এবং একই ইনস্টিটিউটের চীফ রিসার্চ সায়েন্টিস্ট ড. এম আর ভাট গত ২ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) প্রিন্সিপ্যাল পাবলিক ম্যানেজমেন্ট স্পেশালিস্ট সিউক ইয়ং উন-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩১ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

# ঢাবি এবং বৃটিশ কাউন্সিলের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ এবং বৃটিশ কাউন্সিলের মধ্যে গত ৪ ফেব্রুয়ারি ২০১৮ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. মহসিনা আক্তার খানম এবং বৃটিশ কাউন্সিল-এর বিজনেস সাপোর্ট সার্ভিস শাখার পরিচালক জিম পোলার্ড নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর বারবারা উইকহাম উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারক অনুযায়ী, বৃটিশ কাউন্সিল কর্তৃপক্ষ প্রতিমাসে নির্ধারিত দিনে ঢাকায় দু'ঘন্টা ব্যাপী সংগীতানুষ্ঠানের আয়োজন করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের নির্বাচিত দু'জন শিল্পী সে অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন।

# ইসলামের শান্তি ও সংহতির দর্শন প্রাত্যহিক জীবনে প্রয়োগ করতে হবে-উপাচার্য

((১ম পৃষ্ঠার পর)) অনুষ্ঠানের শুরুতে বদিউজ্জামান সাঈদ নূরসী'র উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন শেষে স্বাগত বক্তব্য দেন সম্মেলনের মহাসচিব ড. আব্দুল্লাহ আল-মা'রুফ। এই সম্মেলনের তাৎপর্য তুলে ধরেন 'দি ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স এন্ড কালচার, তুর্কি'র সমন্বয়ক ড. হাকান গোলরজ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'দি ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স এন্ড কালচার'-এর পরিচালক সেইট ইউসি এমপি, বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত ডেভরিম অজতুর্ক, কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. সাজাহান মিয়া, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. আসাদুজ্জামান মিয়া প্রমুখ। দু'দিনব্যাপী এই সম্মেলনে দেশি বিদেশি সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ তাঁদের জ্ঞানগর্ভ প্রবন্ধ উপস্থাপন করবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তার বক্তৃতায় ভাষার মাসে সকল ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে আগত অতিথিদের স্বাগত জানান। তিনি বলেন, ইসলামের শান্তি ও সংহতির দর্শন প্রাত্যহিক জীবনে প্রয়োগ করতে হবে। ধর্মীয় গোঁড়ামী কিংবা চরমপন্থার কোন অস্তিত্ব বাংলাদেশে থাকতে পারে না। বাংলাদেশ সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দেয় না, সন্ত্রাসবাদ ও উগ্রবাদের বিপক্ষে বাংলাদেশের অবস্থান। তুরস্কের সাথে ভবিষ্যতে যৌথ কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করে উপাচার্য বলেন, তুরস্কসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে গবেষণাসহ যেকোন যৌথ কার্যক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সবসময়ই আগ্রহী। উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, মালয়েশিয়া, সিংগাপুর, তুরস্কসহ বিশ্বের বিভিন্ন দেশের তরুণ শিক্ষার্থী ও গবেষকরা এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন।

# জাপানের এনইএফ বৃত্তি পেলেন ১০ মেধাবী শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১০জন মেধাবী শিক্ষার্থী জাপানের নাগাও ন্যাচারাল এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (এনইএফ) বৃত্তি লাভ করেছেন। গত ৫ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কাউসার আহাম্মদ, অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক হুমায়রা আখতার, মৎস্যবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. কানিজ ফাতেমা, এনইএফ বৃত্তি কমিটির ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেন এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের ভাল মানুষ হিসেবে গড়ে ওঠতে হলে পারিবারিক বন্ধন সদৃঢ় করতে হবে। পরিবেশকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এনইএফ বৃত্তিপ্রাপ্তরা হলেন- তানবির আহমদ (মৃত্তিকা, পানি ও পরিবেশ), মৌসুমী, তাজরিন জাহান তারিন ও নবমিতা সরকার (উদ্ভিদ বিজ্ঞান), মারিয়া সুলতানা মলি ও সানজিদা সামাদ স্নিগ্ধা (প্রাণিবিদ্যা), শাহ মো. মিনহাজুল আবেদিন (অণুজীব বিজ্ঞান), ফাহমিদা সুলতানা (মৎস্য বিজ্ঞান), অর্ণ রহমান অনি (ভূগোল ও পরিবেশ) এবং কামরুন্নাহার কনক (সমুদ্র বিজ্ঞান)।

# সাত মেধাবী শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের এমবিএ এবং উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের এমএসএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ৪জন মেধাবী শিক্ষার্থীকে 'মুস্তাফিজুর রহমান খান-সালেহা খানম মেমোরিয়াল বৃত্তি' প্রদান করা হয়েছে। এছাড়া, পদার্থবিজ্ঞান বিভাগের বিএস সম্মান ও আইন বিভাগের এলএলবি পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ৩জন ছাত্র-ছাত্রী 'প্রফেসর মাহফুজা খানম-ব্যারিস্টার শফিক আহমেদ বৃত্তি' লাভ করেছেন। গত ২৮ জানুয়ারি ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।



এসময় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হক, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক মাহফুজা খানম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

'মুস্তাফিজুর রহমান খান-সালেহা খানম মেমোরিয়াল বৃত্তি' প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. গোলাম রমিজ (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), নার্গিস সুলতানা (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), মাহিরাতুল জান্নাত (উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ) এবং ফয়েজ আহমেদ তানীম (উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ)।

'প্রফেসর মাহফুজা খানম-ব্যারিস্টার শফিক আহমেদ বৃত্তি' প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. আজিজ আর রহমান (পদার্থ) এবং মনিরুজ্জামান ও রিমি সাহা (আইন)।

# এ কিউ এম মহিউদ্দিন মেমোরিয়াল বৃত্তি পেলেন ২ মেধাবী শিক্ষার্থী

২০১৬ সালের বিএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের ২জন মেধাবী শিক্ষার্থী "এ কিউ এম মহিউদ্দিন মেমোরিয়াল বৃত্তি" লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন নাজনীন বিনতে হায়দার ও সৌরভ দে শুভ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩১ জানুয়ারি ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।



কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে ভূগোল ও পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. রেজওয়ান হোসেন ভূইয়া এবং ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. নাজনীন আফরোজ হক বক্তব্য রাখেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, সহযোগী অধ্যাপক নাজমুন নাহার, দাতার ভাই শামীম উদ্দীন সহ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবক উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত এ কিউ এম মহিউদ্দিনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তার আদর্শ অনুসরণের মাধ্যমে শিক্ষার্থীদের সুনাগরিক হিসাবে গড়ে উঠতে হবে।

উল্লেখ্য, প্রয়াত এ কিউ এম মহিউদ্দিন ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন। তিনি ১৯১৭ সালে জন্মগ্রহণ করেন এবং ১৯৮২ সালে ইন্তেকাল করেন।

# ভূগোল ও পরিবেশ বিভাগের ৭০ বছর পূর্তি উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের ৭০ বছর পূর্তি উপলক্ষে দু'দিনব্যাপী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৬ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয়ের কাজী মোতাহার হোসেন ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন ও পায়রা উড়িয়ে এবং কেক কেটে বর্ণাঢ্য এই উৎসবের উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ভূগোল ও পরিবেশ বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি ও প্রাক্তন শিক্ষার্থী এ কে দীন মোহাম্মদ। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাফিজা খাতুন। এসময় প্রাক্তন শিক্ষকদের সম্মাননা, বর্তমান চার শিক্ষার্থীকে বৃত্তি প্রদানসহ বিভাগের পূর্তি উপলক্ষে প্রকাশিত স্মারক সংকলনের মোড়ক উন্মোচন করেন উপাচার্য।



প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভাগের ৭০ বছর পূর্তি উৎসব আয়োজনের জন্য বিভাগের আয়োজক কমিটিকে ধন্যবাদসহ অংশগ্রহণকারী বর্তমান ও প্রাক্তন শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি শুভেচ্ছা জানান। উপাচার্য বলেন, ঐতিহ্যবাহী এই ভূগোল ও পরিবেশ বিভাগ ৭০ বছরে বহু খ্যাতিমান ব্যক্তিত্ব তৈরি করেছে। এই ব্যক্তিত্বরা আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরব। তাঁদের মূল্যবোধগুলো আমাদের গৌরব। তাঁদের মূল্যবোধগুলো আমরা যদি নিজেদের মাঝে ঘটাতে পারি তবে আমরা সৌভাগ্যবান। প্রাক্তন শিক্ষকদের সম্মাননা প্রদান প্রসঙ্গে উপাচার্য বলেন, যাঁদের সম্মাননা দেওয়া হল, তাঁদের প্রভাব যেন সমাজে পড়ে, আমাদের মাঝে প্রতিফলিত হয়।

# পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ১ম পুনর্মিলনী উৎসব উদ্‌যাপন




ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ১ম পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৭ জানুয়ারি ২০১৮ ইনস্টিটিউট প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে বর্ণাঢ্য এই উৎসবের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান, অধ্যাপক ড. এম সেকান্দার হায়াত খান ও ড. মো. হাসিনুর রহমান খান। ধন্যবাদ জ্ঞাপন করেন ইনস্টিটিউটের প্রাক্তন শিক্ষার্থী এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট অ্যালামনাই এসোসিয়েশনের সদস্য জামাল মো. আবু নাসের।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ইনস্টিটিউটের ১ম পুনর্মিলনী উৎসব আয়োজনের জন্য ইনস্টিটিউটের আয়োজক কমিটিকে ধন্যবাদসহ অংশগ্রহণকারী বর্তমান ও প্রাক্তন শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আন্তরিক শুভেচ্ছা জানান। উপাচার্য বলেন, ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত স্বনামধন্য এই ইনস্টিটিউট বিগত ৫৪ বছরে প্রথম অ্যালামনাই গঠন করেছে। এই ঘটনাটি ইতিহাসের সাক্ষী হয়ে থাকবে। উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের র‌্যাংকিং-এর জন্য বড় উপাদান হলো অ্যালামনাইগণ। এই ইনস্টিটিউট থেকে পাশ করা বহু প্রাক্তন শিক্ষার্থী দেশে-বিদেশে খ্যাতিমান ব্যক্তিত্ব হিসেবে নিজেকে আত্মপ্রকাশ করেছে। এই ব্যক্তিত্বরা আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরব।

পরে ইনস্টিটিউটের অ্যালামনাই এসোসিয়েশনের পক্ষ থেকে উপাচার্যের নেতৃত্বে এক বর্ণাঢ্য র‌্যালি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

# কারুশিল্প বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের কারুশিল্প বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৭ গত ১ ফেব্রুয়ারি ২০১৮ জয়নুল গ্যালারীতে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুপুরে ৭-দিনব্যাপী এই প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনের পর উপাচার্য প্রদর্শনী ঘুরে দেখেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য শিল্পী অধ্যাপক আব্দুস শাকুর শাহ ও প্রকৌশলী ময়নুল আবেদিন। এতে আরও উপস্থিত ছিলেন কারুশিল্প বিভাগের চেয়ারম্যান ও প্রদর্শনীর আহ্বায়ক মো: আব্দুল মোমেন মিল্টন। প্রদর্শনীতে কারুশিল্প বিভাগের বিএফএ অনার্স ও



এমএফএ পর্বের ৪৪জন শিক্ষার্থীর ৮৯টি শিল্পকর্ম স্থান পেয়েছে।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫